সংবাদ

তারিখ 25 MAR 2016
পৃষ্ঠা ২ কলাম 2

# জাবিতে সপ্তাহব্যাপী 'স্বাধীনতা বই মেলা' শুরু

প্রতিনিধি, জাবি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের আয়োজনে গতকাল থেকে সপ্তাহব্যাপী 'স্বাধীনতা বই মেলা' শুরু হয়েছে। বিশ্ববিদ্যালয়ের রবীন্দ্র-মহুয়া তলায় সকাল দশটায় প্রধান অতিথি হিসেব এর উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলাম। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. আবুল খায়ের, কলা ও মানবিকী অনুষদের ডিন অধ্যাপক ড. সৈয়দ মোহম্মদ কামরুল আহছান। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলা বিভাগের সভাপতি অধ্যাপক ড. আবু দায়েন। স্বাগত বক্তব্য রাখেন বই মেলার আহ্বায়ক ড. তারেক রেজা.। উদ্বোধনী ভাষণে উপাচার্য বলেন, চিন্তা, চেতনা ও ভাবনা লেখার মাধ্যমে প্রকাশ পায়। লেখা গ্রন্থাকারে প্রকাশ করলে পাঠকের সঙ্গে লেখকের চিন্তার যোগসূত্র ঘটে। বই মেলায় বাংলা একাডেমি, বিশ্বসাহিত্য কেন্দ্র, নজরুল ইনস্টিটিউটসহ দেশের খ্যাতনামা অর্ধশত প্রকাশনা সংস্থা স্টল দিয়েছে। এছাড়াও মেলায় প্রতিদিন শিল্প-সাহিত্য-সংস্কৃতি বিষয়ক সেমিনার ও সংগীত সন্ধ্যার আয়োজন রাখা হয়েছে।